# WEST BENGAL STATE UNIVERSITY
B.A. Honours 2nd Semester Examination, 2023

## BNGACOR03T-BENGALI (CC3)

## ভাষাতত্ত্ব

Time Allotted: 2 Hours — Full Marks: 50

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমানের নির্দেশক।*
*পরীক্ষার্থীদের নিজের ভাষায় যথাসম্ভব শব্দসীমার মধ্যে উত্তর দিতে হবে।*

১। প্রতিটি একক থেকে ***একটি*** করে মোট ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ — ১০×৪ = ৪০

**একক-১**

(ক) প্রাচীন ভারতীয় আর্যভাষা থেকে কীভাবে বিবর্তনের মধ্য দিয়ে নব্য বা আধুনিক ভারতীয় আর্যভাষার জন্ম হয়েছে, তার সংক্ষিপ্ত পরিচয় দাও। — ১০

**অথবা**

(খ) মধ্য বাংলা ভাষাকে কয়টি স্তরে বিন্যস্ত করা যায় ? আদি-মধ্য বাংলা ভাষার ভাষাতাত্ত্বিক লক্ষণ বা বৈশিষ্ট্য আলোচনা করো। — ২+৮

**একক-২**

(গ) বাংলা ভাষার কয়টি উপভাষা আছে — নামগুলি উল্লেখ করো। বঙ্গালী উপভাষার উল্লেখযোগ্য ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি আলোচনা করো। — ২+৮

**অথবা**

(ঘ) উপভাষা কাকে বলে ? বরেন্দ্রী উপভাষার লক্ষণ বা বৈশিষ্ট্যগুলি উল্লেখ করো। — ২+৮

**একক-৩**

(ঙ) বাংলা ব্যঞ্জনধ্বনির সংজ্ঞা দাও। উচ্চারণ-প্রকৃতি অনুযায়ী বাংলা ব্যঞ্জনধ্বনির বর্গীকরণ করো। — ২+৮

**অথবা**

(চ) সংক্ষিপ্ত টীকা লেখোঃ (যে-কোনো ***চারটি***) — ২.৫×৪ = ১০
স্বরভক্তি, অভিশ্রুতি, সমীভবন, স্বরসঙ্গতি, স্বতোনাসিক্যীভবন, আদিস্বরলোপ।

**একক-৪**

(ছ) শব্দার্থ পরিবর্তনের প্রধান ধারাগুলির পরিচয় দাও। — ১০

**অথবা**

(জ) বাংলা শব্দভাণ্ডার সম্বন্ধে একটি নাতিদীর্ঘ প্রবন্ধ রচনা করো। — ১০

২। নিম্নলিখিত যে-কোনো ***দুটি*** প্রশ্নের উত্তর দাওঃ — ৫×২ = ১০

(ক) প্রাচীন বাংলা ভাষার সময়কাল উল্লেখ করো। প্রাচীন বাংলা ভাষার চারটি ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্য উদাহরণসহ লেখো। — ১+৪

(খ) বাংলা ভাষার প্রধান উপভাষাগুলির আঞ্চলিক পরিচয় দাও। — ৫

(গ) জিহ্বার অবস্থান অনুযায়ী বাংলা স্বরধ্বনির শ্রেণীবিভাগ করো। — ৫

(ঘ) উদাহরণসহ সংজ্ঞা লেখোঃ (যে-কোনো ***দুটি***) — ২.৫×২ = ৫
মৌলিক শব্দ, বিমিশ্রণ, শব্দার্থ পরিবর্তনের ঐতিহাসিক কারণ, লোকনিরুক্তি।

——×——

লক্ষ্যং বিগ্রমানম্

# WEST BENGAL STATE UNIVERSITY

B.A. Honours 2nd Semester Examination, 2023

## BNGACOR04T-BENGALI (CC4)

## আধুনিক বাংলা সাহিত্যের ইতিহাস

Time Allotted: 2 Hours | Full Marks: 50

*প্রান্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি পূর্ণমান নির্দেশ করে।*
*পরীক্ষার্থীদের নিজের ভাষায় যথা সম্ভব শব্দসীমার মধ্যে উত্তর দিতে হবে।*

**প্রতিটি একক থেকে *একটি* করে মোট *চারটি* প্রশ্নের উত্তর দাও (অনধিক ৩০০ শব্দে)** ১০×৪ = ৪০

**একক-১**

১। বাংলা গদ্য সাহিত্যের বিকাশে প্রমথ চৌধুরীর অবদান আলোচনা করো। ১০

**অথবা**

উনিশ শতকের বাংলা গদ্যের বিকাশে 'সংবাদ প্রভাকর', 'তত্ত্ববোধিনী' ও 'বঙ্গদর্শন' পত্রিকার অবদান আলোচনা করো। ১০

**একক-২**

২। বাংলা নাট্যসাহিত্যের ধারায় দ্বিজেন্দ্রলাল মিত্রের ঐতিহাসিক নাটকগুলির মূল্যায়ন করো। ১০

**অথবা**

নাটককার উৎপল দত্তের নাটকগুলি আলোচনা করে বাংলা নাট্যসাহিত্যের ইতিহাসে তাঁর অবদান উল্লেখ করো। ৫+৫

**একক-৩**

৩। মাইকেল মধুসূদন দত্তের কাব্যগুলি সংক্ষেপে আলোচনা করে তাঁর কবিপ্রতিভার পরিচয় দাও। ৬+৪

**অথবা**

বাংলা কাব্যের ইতিহাসে 'পদাতিক' কবি নামে কোন্ কবি পরিচিত ? তাঁর কাব্য প্রতিভার মূল্যায়ন করো। ২+৮

**একক-৪**

৪। বাংলা উপন্যাসের ধারায় বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের অবস্থান নির্ণয় করো। ১০

**অথবা**

বাংলা ছোটগল্পের ধারায় সুবোধ ঘোষের কৃতিত্ব নিরূপণ করো। ১০

৫। নিম্নলিখিত যে-কোনো *দুটি* প্রশ্নের উত্তর দাওঃ ৫×২ = ১০

(ক) 'কৃত্তিবাস' পত্রিকার সংক্ষিপ্ত পরিচয় দাও। ৫

(খ) 'কৃষ্ণকুমারী' নাটকটি কার লেখা ? নাটকটির ঐতিহাসিক গুরুত্ব আলোচনা করো। ১+৪

(গ) 'ধূসর পাণ্ডুলিপি' কাব্যটি কার লেখা ? সংক্ষেপে কাব্যটির পরিচয় দাও। ১+৪

(ঘ) রাজনৈতিক উপন্যাস হিসেবে 'জাগরী' উপন্যাসের সার্থকতা সংক্ষেপে আলোচনা করো। ৫

——×——

# WEST BENGAL STATE UNIVERSITY

B.A. Honours/Programme 2nd Semester Examination, 2023

## BNGHGEC02T/BNGGCOR02T-BENGALI (GE2/DSC2)

## বাংলা ভাষার ইতিহাস ও ভাষাতত্ত্ব

Time Allotted: 2 Hours　　　　Full Marks: 50

*প্রান্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি পূর্ণমান নির্দেশ করে।*
*পরীক্ষার্থীরা নিজের ভাষায় যথা সম্ভব শব্দসীমার মধ্যে উত্তর করিবে।*

১। প্রতিটি একক থেকে ***একটি*** করে মোট ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ　১০×৪ = ৪০

একক-১

(ক) মধ্যভারতীয় আর্যভাষার কালগত সীমা উল্লেখ করো। নিদর্শনসহ মধ্যভারতীয় আর্যভাষার ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি লেখো।　২+৮

অথবা

(খ) অন্তমধ্য বাংলার কালসীমা নির্দেশ করে এর লক্ষণগুলি উল্লেখ করো।　১০

একক-২

(গ) বরেন্দ্রী উপভাষা কোন্ অঞ্চলে প্রচলিত ? এই উপভাষার বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।　২+৮

অথবা

(ঘ) ঝাড়খণ্ডী উপভাষার অঞ্চল নির্দেশ করে এই উপভাষার ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি লেখো।　২+৮

একক-৩

(ঙ) শব্দার্থ পরিবর্তনের ধারাগুলি উদাহরণসহ আলোচনা করো।　১০

অথবা

(চ) উদাহরণসহ সংজ্ঞা লেখোঃ (যে-কোনো ***দুটি***)　৫×২ = ১০
লোকনিরুক্তি, অভিশ্রুতি, বর্ণবিপর্যয়।

একক-৪

(ছ) আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালার গুরুত্ব উদাহরণসহ আলোচনা করো।　১০

অথবা

(জ) আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালায় লিপ্যন্তর করো।　১০
কথাবার্তার আসরে তিনি খুব দীপ্যমান, তা নয়। নিজের আনন্দেই তিনি মত্ত, অন্যের কথা মন দিয়ে শোনবার সময় কই। নিজে রসিকতা করে নিজেই হেসে লুটিয়ে পড়ছেন। কথার চেয়ে বেশি তাঁর গান।

২। নিম্নলিখিত যে-কোনো ***দুটি*** প্রশ্নের উত্তর দাওঃ　৫×২ = ১০

(ক) আদিমধ্য বাংলাভাষার সময়কাল নির্দেশ করে এর দুটি বৈশিষ্ট্য উল্লেখ করো।　১+৪

(খ) বঙ্গালী উপভাষার পাঁচটি বৈশিষ্ট্য উল্লেখ করো।　৫

(গ) উদাহরণসহ সংজ্ঞা লেখোঃ (যে-কোনো ***দুটি***)　২.৫×২ = ৫
অর্থবিস্তার, বিষমীভবন, সাদৃশ্য।

(ঘ) উক্ত বর্ণগুলির IPA চিহ্ন লেখোঃ　৫
ই, ও, ঋ, ড, শ।

——×——